

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৫০৭.২২.৬৪

তারিখ: ৯ চৈত্র ১৪২৯

২৩ মার্চ ২০২৩

বিষয়: অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০২২-২৩ মৌসুমে সিদ্ধ চালের বিভাজিত লক্ষ্যমাত্রার আন্তঃবিভাগীয় সমন্বয়করণ

সূত্র: ১। সংগ্রহ বিভাগের স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.৫০৭.২২.১৮, তারিখ: ২৪.০১.২০২৩ খ্রি.

২। সংগ্রহ বিভাগের স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.৫০৭.২২.২৫, তারিখ: ০৭.০২.২০২৩ খ্রি.

৩। সংগ্রহ বিভাগের স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.৫০৭.২২.৩৬, তারিখ: ২৫.০২.২০২৩ খ্রি.

৪। ৪। সংগ্রহ বিভাগের স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.৫০৭.২২.৩৯, তারিখ: ০১.০৩.২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গত অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০২২-২৩ মৌসুমে সিদ্ধ চালের বিভাগওয়ারি বিভাজিত মোট লক্ষ্যমাত্রা ৫,০০,০০০ মে.টন নির্ধারিত ছিল। পরবর্তীতে সংগ্রহের সম্ভাবনা না থাকায় ৫টি বিভাগ থেকে (ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম, সিলেট ও বরিশাল) ৩০১১০ মে.টন চালের লক্ষ্যমাত্রা খাদ্য অধিদপ্তরে সমর্পণ করা হয়। সমর্পণকৃত ৩০,১১০ মে.টন চালের লক্ষ্যমাত্রা সংগ্রহ বিভাগের ১৯.০১.২০২৩ তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৫.৫০৭.২২.১৩ নং স্মারকে রংপুর বিভাগের অনুকূলে প্রদানকরত ৮টি বিভাগের সিদ্ধ চালের লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ করা হয়।

পরবর্তীতে রংপুর ও চট্টগ্রাম বিভাগের চালের অতিরিক্ত চাহিদার পরিপ্রেক্ষিতে সূত্রস্ব ১,২,৩,৪ নং স্মারকে রংপুর ও চট্টগ্রাম বিভাগের অনুকূলে যথাক্রমে ১৭০০০ মে.টন ও ৫৮৮ মে.টন অতিরিক্ত বরাদ্দ প্রদান করা হয়। এ অতিরিক্ত লক্ষ্যমাত্রা প্রদানের ফলে রংপুর ও চট্টগ্রাম বিভাগে চাল সংগ্রহের মোট লক্ষ্যমাত্রা দাঁড়ায় যথাক্রমে ১,৬৮,৩৬৪ মে.টন ও ৪৩,২৮৯ মে.টন। রংপুর ও চট্টগ্রাম বিভাগে অতিরিক্ত লক্ষ্যমাত্রা প্রদানের পরিপ্রেক্ষিতে সর্বসাকুল্যে ৮টি বিভাগে লক্ষ্যমাত্রা নির্ধারিত হয় ৫,১৭,৫৮৮ মে.টন। জাতীয় লক্ষ্যমাত্রার অতিরিক্ত ১৭৫৮৮ মে.টন সমন্বয়ের প্রয়োজন।

এক্ষণে, অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর ৮(খ) অনুচ্ছেদের আলোকে রাজশাহী বিভাগের প্রদত্ত লক্ষ্যমাত্রার বিপরীতে অবরাদ্দকৃত মোট ১৭৩৯২ মে.টন ও রংপুর বিভাগের প্রদত্ত লক্ষ্যমাত্রার বিপরীতে মোট অবরাদ্দকৃত ৯৫৯ মে.টন থেকে ১৯৬ মে.টন সহ মোট ১৭৫৮৮ মে.টন কর্তনপূর্বক জাতীয় লক্ষ্যমাত্রা ৫,০০,০০০ মে.টন চাল নিম্নোক্ত সারণি মোতাবেক আন্তঃবিভাগীয় সমন্বয় পূর্বক পুনঃনির্ধারণ করা হলোঃ

হিসাব মে.টন

ক্র: নং	বিভাগের নাম	সমর্পণের পর সমন্বয়কৃত লক্ষ্যমাত্রা	অবরাদ্দকৃত লক্ষ্যমাত্রা থেকে কর্তনকৃত লক্ষ্যমাত্রা	অতিরিক্ত প্রদানকৃত লক্ষ্যমাত্রা	আন্তঃবিভাগীয় সমন্বয়ের পর স্থিরকৃত লক্ষ্যমাত্রা
১.	ঢাকা	৪০১৫২	-	-	৪০১৫২
২.	ময়মনসিংহ	৬৬৯২৯	-	-	৬৬৯২৯
৩.	চট্টগ্রাম	৪২৭০১	-	৫৮৮	৪৩২৮৯
৪.	সিলেট	৯৮৫৫	-	-	৯৮৫৫
৫.	বরিশাল	১৭৯০২	-	-	১৭৯০২
৬.	রংপুর	১৫১৩৬৪	১৯৬	১৭০০০	১৬৮১৬৮
৭.	রাজশাহী	১০৫২৩৭	১৭৩৯২	-	৮৭৮৪৫
৮.	খুলনা	৬৫৮৬০	-	-	৬৫৮৬০
সর্বমোট=		৫০০০০০	১৭৫৮৮	১৭৫৮৮	৫০০০০০

এমতাবস্থায়, উপর্যুক্ত ছকে বর্ণিত পুনঃনির্ধারিত লক্ষ্যমাত্রার আলোকে স্ব স্ব বিভাগের অন্তর্ভুক্ত জেলাসমূহের জেলাওয়ারি লক্ষ্যমাত্রা প্রস্তুতকরত খাদ্য অধিদপ্তরের সংগ্রহ বিভাগ ও এমআইএসএন্ডএম বিভাগে জরুরিভিত্তিতে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের রয়েছে।



২৫-৩-২০২৩

রেজা মোহাম্মদ মহসিন

পরিচালক (ভারপ্রাপ্ত)

ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭

ইমেইল: dproc@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৫০৭.২২.৬৪/১(১৪)

তারিখ: ৯ চৈত্র ১৪২৯
২৩ মার্চ ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য
- ৪) উপসচিব, অভ্যন্তরীণ সংগ্রহ শাখা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫) অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম/অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো
- ৭) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য



২৫-৩-২০২৩

রেজা মোহাম্মদ মহসিন

পরিচালক (ভারপ্রাপ্ত)